

[ মূল্য সংযোজন কর ]

“আদেশ”

ঢাকা, ১৩-১০-১৪০৪ বাৎ / ২৬-০১-১৯৯৮ ইং।

এস,আর,ও, নং-১৩-আইন/৯৮/১৭৪-মূসক।— যেহেতু জনস্বার্থের গুরুত্ব বিবেচনা ও যথোপযুক্ত অনুসন্ধানপূর্বক জাতীয় রাজস্ব বোর্ড এই মর্মে সন্তুষ্ট হইয়াছে যে, মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুদ্ধ ধার্য করার নিমিত্তে অত্র বিভাগের ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০০ বাৎ মোতাবেক ১০ই জুন, ১৯৯০ ইং তারিখে জারিকৃত আদেশ নং- এস,আর,ও, নং-১০৪-আইন/৯৩/৬৮-মূসক এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ৪৮.০২ ও কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ৪৮০২.৫২.৯০ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত পণ্য সামগ্রীর ট্যারিফ মূল্য পুনরায় নির্ধারণ করা সমীচীন ও প্রয়োজন :

যেহেতু জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে উপরি-উক্ত আদেশে নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত আদেশের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) ৪৮.২০ ও উহার বিপরীতে উল্লিখিত এন্ড্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) ও এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“৪৮.০২ ৪৮০২.৫২.৯০ সকল পেপার মিলস্ কর্তৃক উৎপাদিত—

(ক) ক্রীম লেইড/হোয়াইট রাইটিং ৫০/৫৫ টাঃ ১০,৭৩০  
হইতে তদূর্ধ্ব গ্রাম

(খ) হোয়াইট ক্লড পেপার ৫৫ হইতে টাঃ ১১,৩৫০  
৫৯.৯৯ গ্রাম

(গ) হোয়াইট প্রিন্টিং পেপার

(১) ৬০ বা তদূর্ধ্ব গ্রাম টাঃ ১০,৭৩০

(২) ৫৫ গ্রাম হইতে ৫৯.৯৯ গ্রাম টাঃ ১০,৯৮০

(৩) ৫০ গ্রাম হইতে ৫৪.৯৯ গ্রাম টাঃ ১১,৬৫০

(৪) ৪৫ গ্রাম হইতে ৪৯.৯৯ গ্রাম টাঃ ১২,১৪০"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ আলাউদ্দিন চৌধুরী ]

প্রথম সচিব

মুসক-বাস্তবায়ন